শ্রেণি: এইচএসসি

বিষয়: সমাজবিজ্ঞান ১ম পত্র

বিষয়বস্তু: বহুনির্বাচনী প্রশ্ন

১৫০ টি
মোট প্রশ্ন

১৫০ টি
ইউনিক প্রশ্ন

স্মার্ট সাইট ও অ্যাপের বিশেষ ফিচারসমূহ

✓ উত্তর, ব্যাখ্যা ও AI ডাউট সলভিং
✓ দেশসেরা লিডারবোর্ড
✓ প্রোগ্রেস এনালিটিক্স
✓ AI অ্যাসিসটেন্ট ও সলভার
✓ বিশাল সংখ্যক প্রশ্ন ব্যাংক
✓ কাস্টম মক টেস্ট

QR স্ক্যান করে প্র্যাকটিস করুন

# # বহুনির্বাচনী প্রশ্ন

১. অপরাধ প্রতিকার করার নীতি সকল সমাজে একরূপ নয় কেন?

(ক) সকল সমাজে একই রকম অপরাধ ঘটে বলে
(খ) বিভিন্ন সমাজে একই রকম মানুষ থাকে বলে
(গ) বিভিন্ন সমাজের সমস্যার জটিলতা ও বৈচিত্র্য থাকার কারণে
(ঘ) সকল সমাজে একই মাত্রার অপরাধ ঘটে বলে

২. অপরাধ প্রতিকারে নিচের কোনটি যৌক্তিক ভূমিকা রাখে?

(ক) জনসংখ্যা নিয়ন্ত্রণ
(খ) মেয়ে সন্তান জন্মদান
(গ) বেকারত্ব দূরীকরণ
(ঘ) র‍্যাবের সংখ্যা বৃদ্ধি

৩. অপরাধের স্তর নির্দেশ করে-

i. ইচ্ছা
ii. আকাঙ্ক্ষা
iii. প্রযুক্তি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

৪. কোনটি সমাজবিজ্ঞানের উদ্ভবের পেছনে কাজ করেছিল?

(ক) ভাষা আন্দোলন
(খ) চিরস্থায়ী বন্দোবস্ত
(গ) সমাজতান্ত্রিক বিপ্লব
(ঘ) ফরাসি বিপ্লব

৫. নৈতিকতার প্রশ্নে সমাজবিজ্ঞান কীরূপ?

(ক) নিরপেক্ষ
(খ) পক্ষপাতী
(গ) সার্বজনীন
(ঘ) প্রাতিষ্ঠানিক

৬. জিসবার্ট দলকে কয় শ্রেণীতে ভাগ করেছেন?

(ক) ৩ (খ) ৪
(গ) ৫ (ঘ) ৬

৭. স্তরবিন্যাসের মাধ্যমে সমাজের কোন চিত্র ফুটে ওঠে?

(ক) সাম্য (খ) বৈষম্য
(গ) অস্থিরতা (ঘ) প্রকৃতি

৮. সামাজিক মান ও রীতির নিয়ামক কোনটি?

(ক) সামাজিক পরিবর্তন (খ) সামাজিক নিয়ন্ত্রণ
(গ) সামাজিক স্তরবিন্যাস (ঘ) সামাজিক বিবর্তন

৯. দলের যৌক্তিক বৈশিষ্ট্য কোনটি?

(ক) বিভিন্নতা (খ) বৈসাদৃশ্য
(গ) আন্তরিকতা (ঘ) আনুগত্য

১০. মুখ্য দলের অন্তর্ভুক্ত হিসেবে সমর্থনযোগ্য কোনটি?

(ক) পাড়া (খ) শ্রমিক সংঘ
(গ) বিদ্যালয় (ঘ) ত্রাণ কমিটি

১১. কবিরের বাড়ি দিনাজপুর রায়পুর গ্রামে। সে গ্রামে খুব বেশি না গেলেও যখনই যাওয়ার সুযোগ পায়, গিয়ে দেখে গ্রামের সবাই তাকে নিজেদের একজন মনে করে। এর মাধ্যমে ফুটে উঠেছে-

i. জন্মসূত্রে সনদ
ii. অনৈচ্ছিক দল
iii. অবস্থানভিত্তিক দল

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২. দার্শনিক হবস কোন দেশের নাগরিক?

(ক) জার্মানি (খ) ফ্রান্স
(গ) ইতালি (ঘ) ইংল্যান্ড

১৩. কীভাবে সম্প্রদায় সম্পর্কে গভীরভাবে জানা যায়?

(ক) নৃবিজ্ঞান পাঠের মাধ্যমে
(খ) সমাজবিজ্ঞান পাঠের মাধ্যমে
(গ) উপজাতিদের সাথে ঐক্যবদ্ধ হওয়ায়
(ঘ) উপজাতি সম্প্রদায়ের মাধ্যমে

১৪. অপরাধের কারণ বিশ্লেষণের মনস্তাত্ত্বিক দৃষ্টিভঙ্গির অন্যতম প্রবক্তা কে?

(ক) সিজার লম্বোসো (খ) বোঙ্গার
(গ) গ্যাব্রিয়েল টার্ডে (ঘ) সিগমন্ড ফ্রয়েড

১৫. আমলাতন্ত্রের প্রবক্তা কে?

(ক) কার্ল মার্কস (খ) ম্যাক্স ওয়েবার
(গ) প্যারেটো (ঘ) ডুর্খেইম

১৬. উত্তরাধিকার সূত্রে পরবর্তী বংশে সন্তান সন্ততিদের মধ্যে বর্তিয়ে থাকে-

i. দৈহিক বৈশিষ্ট্য
ii. সামাজিক বৈশিষ্ট্য
iii. মানসিক বৈশিষ্ট্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৭. সমাজবিজ্ঞানকে বলা হয়-

(ক) মূল্যবোধভিত্তিক বিজ্ঞান (খ) বস্তুনিষ্ঠ বিজ্ঞান
(গ) আদর্শনিষ্ঠ বিজ্ঞান (ঘ) আনুষ্ঠানিক বিজ্ঞান

১৮. পরীক্ষায় ফেল করে আত্মহত্যা কোন ধরনের আত্মহত্যা?

(ক) নৈরাজ্যমূলক আত্মহত্যা (খ) নিয়তিবাদী আত্মহত্যা
(গ) আত্মকেন্দ্রিক আত্মহত্যা (ঘ) পরার্থমূলক আত্মহত্যা

১৯. সমাজকাঠামোকে জীবদেহের কাঠামোর সাথে তুলনা করেছেন কে?

(ক) অগবার্ন (খ) নিমকফ
(গ) কার্ল মার্কস (ঘ) হার্বার্ট স্পেন্সার

২০. Principles of Sociology' গ্রন্থটি কার লেখা?

(ক) মার্কস (খ) অগাস্ট কোঁৎ
(গ) গিডিংস (ঘ) ডুর্খেইম

স্যাট একাডেমি

২১. প্রথার বৈশিষ্ট্য হলো-
i. প্রথা সমাজে সদা বর্তমান
ii. প্রথায় মূল্যবোধের প্রশ্ন বর্তমান
iii. প্রথা সামাজিক বিধানের নামান্তর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২. 'Logos' শব্দটি কোন ভাষার-
(ক) রোমান (খ) গ্রিক
(গ) পর্তুগীজ (ঘ) ফরাসি

২৩. বল প্রয়োগের মতাবাদের প্রবর্তক কে?
(ক) রুশো (খ) গেটেল
(গ) জেলেনিক (ঘ) মন্টেস্কু

২৪. বিচ্যুতির ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো-
i. এটি সমাজের মূল্যবোধ ভঙ্গ করে
ii. এটি সমাজ কর্তৃক অবাঞ্ছিত
iii. এর জন্য প্রাতিষ্ঠানিক শাস্তির ব্যবস্থা রয়েছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. মার্কসের মতে সমাজের মৌল কাঠামো হলো-
i. উৎপাদন সম্পর্ক
ii. উৎপাদন শক্তি
iii. উৎপাদন পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৬. কোন অঞ্চল মানবসভ্যতা বিকাশে বেশী উপযোগী?
(ক) পাহাড়ি (খ) উষ্ণ
(গ) শীতল (ঘ) নাতিশীতোষ্ণ

২৭. জাতিবর্ণের বৈশিষ্ট্য হচ্ছে-
(ক) জন্মসূত্রে সদস্যপদ লাভ
(খ) একই রকম আয়
(গ) একই রকম সামাজিক মর্যাদা
(ঘ) একই এলাকায় বসবাস

২৮. 'জন্মগতভাবে কেউবা মনিব, কেউবা দাস'- উক্তিটি কার?
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) সক্রেটিস (ঘ) রুশো

২৯. ব্রহ্মার কোন অংশ হতে ক্ষত্রিয়দের সৃষ্টি বলে মনে করা হয়?
(ক) মাথা (খ) পায়ের পাতা
(গ) উরু (ঘ) বাহু

৩০. সমাজে প্রবীণরা অনেক সময় অবহেলার শিকার হন। এর মূল কারণ-
i. প্রবীণদেরকে অনুৎপাদনশীল ও অক্ষম মনে করা হয়
ii. প্রবীণদের অভিজ্ঞতা ও দক্ষতা বেশি থাকে
iii. কর্মক্ষমতা উল্লেখযোগ্য হারে হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩১. রমজান সাহেব একজন শিল্পপতি কিন্তু তিনি ঠিকমতো আয়কর দেন না। তার এই অপরাধকে কী ধরনের অপরাধ বলা হয়?
(ক) অর্থনৈতিক অপরাধ (খ) ভদ্রবেশী অপরাধ
(গ) শিকারবিহীন অপরাধ (ঘ) রাষ্ট্রীয় অপরাধ

৩২. উন্নয়ন = আত্মজীবীকা নির্বাহ + '?' + অধীনতা থেকে মুক্তি- '?' স্থানে কী বসবে?
(ক) আত্মসম্মান (খ) আত্মপ্রচেষ্টা
(গ) আত্মবিশ্বাস (ঘ) আত্মসমর্পণ

৩৩. কোনটি মানুষের যোগাযোগ ব্যবস্থার প্রাথমিক পর্যায়ে গতি এনেছিল?
(ক) বাষ্পীয় ইঞ্জিন (খ) ইঞ্জিনচালিত বাস
(গ) পশুটানা গাড়ি (ঘ) পেট্রোল ইঞ্জিন

স্যাট একাডেমি

৩৪. আমিনদের এলাকার ভবনগুলো এখন বহুতল হয়েছে, সড়কগুলোও পাকা করা হয়েছে। বাড়িতে বাড়িতে বিদ্যুতের সংযোগ এমনকি ইন্টারনেট সংযোগও দেওয়া হয়েছে। এলাকার লোকজনের পোশাক ও খাদ্যাভ্যাসেও ব্যাপক পরিবর্তন লক্ষ করা যায়। আমিনদের এলাকায় কোন পরিবর্তনের চিত্র ফুটে উঠেছে।

(ক) অর্থনৈতিক পরিবর্তন (খ) রাজনৈতিক পরিবর্তন
(গ) অবকাঠামোগত পরিবর্তন (ঘ) সামাজিক পরিবর্তন

৩৫. রীতিনীতি, প্রথা-পদ্ধতির নানারূপের সুনির্দিষ্ট নিয়মাবলীর ভিত্তিতে কী গড়ে ওঠে?

(ক) সাংস্কৃতিক প্রতিষ্ঠান (খ) রাজনৈতিক প্রতিষ্ঠান
(গ) অর্থনৈতিক প্রতিষ্ঠান (ঘ) সামাজিক প্রতিষ্ঠান

৩৬. কোন ধরনের পরিবারে বয়স্ক সদস্যরা বিশেষ মর্যাদা এবং বার্ধক্যে বিশেষ সেবাযত্ন লাভ করে থাকেন?

(ক) একক পরিবার (খ) বর্ধিত পরিবার
(গ) যৌথ পরিবার (ঘ) পিতৃতান্ত্রিক পবিরার

৩৭. উন্নয়নশীল দেশের আমলাতন্ত্র জ্ঞাতি সম্পর্কের কাছে নতি স্বীকার করে'- উক্তিটি কার?

(ক) রবিন ফকস (খ) লুইস হেনরি মর্গান
(গ) ওয়েস্টারমার্ক (ঘ) বাট্রান্ড রাসেল

৩৮. জৈব সামাজিক উপাদান এবং মানবসৃষ্ট কৃত্রিম পরিবেশ ছাড়া আর প্রায় সবাই কোন উপাদানের অন্তর্ভুক্ত?

(ক) সাংস্কৃতিক উপাদান (খ) সামাজিক উপাদান
(গ) জৈবিক উপাদান (ঘ) ভৌগোলিক উপাদান

৩৯. কোন অঞ্চলের বাণিজ্যপ্রধান শহরগুলোকে কেন্দ্র করে গণতন্ত্র গড়ে উঠেছিল?

(ক) এশিয়া (খ) আমেরিকা
(গ) আফ্রিকা (ঘ) ইউরোপ

৪০. লাইসেংকোইজম কী?

(ক) উৎপাদন পদ্ধতি (খ) প্রজনন পদ্ধতি
(গ) বিপণন পদ্ধতি (ঘ) বন্ধ্যাত্ব পদ্ধতি

৪১. আধুনিক শিল্প সমাজ কোনটি নির্ভর?

(ক) সংগ্রহ কৌশল
(খ) কৃষি উৎপাদন কৌশল
(গ) যন্ত্রচালিত উৎপাদন কৌশল
(ঘ) শ্রমভিত্তিক উৎপাদন কৌশল

৪২. তিশামাকে সামনের বছর স্কুলে ভর্তি করা হবে। তার মা তাকে এখন থেকেই স্কুলে তার কী করা উচিত সে বিষয়ে ধারণা দিচ্ছে। এটি কোন পর্যায়ের সামাজিকীকরণ?

(ক) প্রাথমিক পর্যায়ের (খ) প্রাক স্কুল পর্যায়ের
(গ) কৈশোর পর্যায়ের (ঘ) প্রারম্ভিক স্কুল পর্যায়ের

৪৩. জর্জ হার্বার্ট মিড শিশুর সামাজিকীকরণে কয়টি স্তরের কথা বলেন?

(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

৪৪. আধুনিক ICT ভিত্তিক সমাজকে আমূল বদলে দিয়েছে......... শূন্যস্থানে কোনটি বসবে?

(ক) তথ্যের অবাধ প্রবাহ (খ) অর্থের অবাধ প্রবাহ
(গ) শ্রমের অবাধ প্রবাহ (ঘ) পণ্যের অবাধ প্রবাহ

৪৫. 'সমাজবিজ্ঞান হলো সমাজ ও সামাজিক আচরণের সুশৃঙ্খল ও বস্তুনিষ্ঠ অধ্যয়ন'- উক্তিটি কার?

(ক) রিচার্ড টি শেফার (খ) ডেভিড পোপেনো
(গ) কার্ল মার্কস (ঘ) ম্যাকাইভার

৪৬. The Prince' গ্রন্থের লেখক কে?

(ক) ম্যাকাইভার (খ) ইবনে খালদুন
(গ) এমিল ডুর্খেইম (ঘ) ম্যাকিয়াভেলি

৪৭. কোন তত্ত্বের মাধ্যমে দেখানো হয়েছে যে, সমাজ সরলতম অবস্থা থেকে অপেক্ষাকৃত জটিল অবস্থায় বিবর্তিত হচ্ছে?

(ক) বিবর্তন তত্ত্ব (খ) জরিপতত্ত্ব
(গ) ইতিহাসতত্ত্ব (ঘ) পরিবর্তনতত্ত্ব

সাট একাডেমি

৪৮. অর্থনীতি যেমন গুরুত্বারোপ করে ব্যাংক, বীমা, বাজার ইত্যাদির ওপর তেমনি সমাজবিজ্ঞান গুরুত্বারোপ করে-

i. সামাজিক প্রথা ও আচার অনুষ্ঠানের
ii. সরকারের বিভিন্ন বিভাগ ও অঙ্গসংস্থার
iii. সামাজিক রীতিনীতি ও মূল্যবোধের

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

৪৯. আমরা যা করি তাই আমাদের সংস্কৃতি'- উক্তিটি কার?

(ক) লুইস মর্গান
(খ) ই বি টেইলর
(গ) ম্যাকাইভার
(ঘ) হার্বার্ট স্পেন্সার

৫০. Mores শব্দের অর্থ কী?

(ক) প্রথা
(খ) আদর্শ যার শক্তিশালী নৈতিক তাৎপর্য রয়েছে
(গ) লোকাচার
(ঘ) আদর্শ

৫১. সভ্যতা হলো-

i. প্রাকৃতিক পরিবেশের আশীর্বাদপুষ্ট ফসল
ii. একটি সাংস্কৃতিক গড় ফল
iii. উন্নত ধরনের শিল্পকলা, বিজ্ঞান ও ধর্ম

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

৫২. কোনটি মানুষের লোভ-লালসা ও কুপ্রবৃত্তিকে দমন করে?

(ক) লোকরীতি
(খ) গণমাধ্যম
(গ) ধর্ম
(ঘ) আইন

৫৩. মর্গানের মতে পরিবারের ক্রমবিবর্তনের ধারা কয়টি?

(ক) ৪টি
(খ) ৫টি
(গ) ৬টি
(ঘ) ৭টি

৫৪. জ্ঞাতিসম্পর্কের বলয় বৃদ্ধি পায় কীভাবে?

(ক) বিবাহের মাধ্যমে
(খ) পরিবারের মাধ্যমে
(গ) ধর্মের মাধ্যমে
(ঘ) রাজনৈতিক উপায়ে

৫৫. জাতিবর্ণ প্রথার ইংরেজি প্রতিশব্দ Caste কোন ভাষা থেকে এসেছে?

(ক) গ্রিক
(খ) স্প্যানিশ
(গ) ল্যাটিন
(ঘ) পর্তুগিজ

৫৬. সামাজিক স্তরবিন্যাসের ক্রিয়াবাদী তত্ত্বটি দেন-

(ক) ডেভিস ও মুর
(খ) পারসন্স
(গ) স্মেলসার
(ঘ) কার্ল মার্কস

৫৭. বিচ্যুতি হলো-

(ক) অন্যের অধিকার হরণ করা
(খ) প্রতিষ্ঠানের কর্তৃত্ব খর্ব করা
(গ) অন্যের সমালোচনা করা
(ঘ) সমাজ স্বীকৃত নিয়ম-কানুন অমান্য করা

৫৮. Principles of Criminology' গ্রন্থটির রচয়িতা কে?

(ক) সাদারল্যান্ড
(খ) ওয়েলটন
(গ) হ্যামিলটন
(ঘ) বার্কার

৫৯. মার্কসের মতে, পুঁজিবাদী সমাজ কয়টি শ্রেণিতে বিভক্ত?

(ক) ২টি
(খ) ৩টি
(গ) ৪টি
(ঘ) ৫টি

৬০. "ইতিহাস হচ্ছে অভিজাততন্ত্রের সমাধিক্ষেত্র”-উক্তিটি কার?

(ক) ম্যাকাইভার
(খ) বটোমোর
(গ) প্যারেটো
(ঘ) সরোকিন

৬১. স্বামী-স্ত্রীর সংখ্যার ভিত্তিতে পরিবারকে কয় ভাগে ভাগ করা হয়েছে?

(ক) দুই ভাগে
(খ) তিন ভাগে
(গ) চার ভাগে
(ঘ) পাঁচ ভাগে

৬২. সমাজজীবনের গুরুত্বপূর্ণ উপাদান কয়টি?

(ক) একটি
(খ) দুইটি
(গ) তিনটি
(ঘ) চারটি

৬৩. পেশার বিভিন্নতা নিচের কোন উপাদান দ্বারা প্রভাবিত নয়?

(ক) রাজনৈতিক
(খ) ভৌগোলিক
(গ) সাংস্কৃতিক
(ঘ) সামাজিক

৬৪. শিশুর ব্যক্তিত্ব বিকাশের পথে কোনটি নকশা?
(ক) সামাজিকীকরণ  (খ) গোষ্ঠী
(গ) মূল্যবোধ  (ঘ) নৈতিকতা

৬৫. পরিবারের বাইরে শিশুর প্রথম পদচারণা ঘটে কার সাথে?
(ক) শিক্ষকদের সাথে  (খ) সঙ্গীদলের সাথে
(গ) প্রতিবেশীর সাথে  (ঘ) বিদেশিদের সাথে

৬৬. বিশ্বায়নের নিয়ন্ত্রক উপাদান হচ্ছে-
i. রাজনৈতিক আন্তর্জাতিকীকরণ
ii. তথ্য ও প্রযুক্তির বিস্তার
iii. অবাধ বাণিজ্য ও মুক্ত বাজারের প্রসার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

৬৭. এস্টেট প্রথা কোন সমাজের প্রতীক?
(ক) এশীয়  (খ) ভারতীয়
(গ) গ্রিক ও রোম  (ঘ) ইউরোপীয়

৬৮. Serf' শব্দের অর্থ কী?
(ক) দাস  (খ) ভূমিদাস
(গ) মনিব  (ঘ) যোদ্ধা

৬৯. সমাজবিজ্ঞান হচ্ছে অনুষ্ঠান-প্রতিষ্ঠানের বিজ্ঞান- উক্তিটি কার?
(ক) ইরনে খালদুন  (খ) অগাস্ট কোঁৎ
(গ) এমিল ডুর্খেইম  (ঘ) কার্ল মার্কস

৭০. কাকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়?
(ক) ইবনে খালদুন  (খ) অগাস্ট কোঁৎ
(গ) কার্ল মার্কস  (ঘ) ডুর্খেইম

৭১. সমাজ হচ্ছে সামাজিক সম্পর্কের জালবিশেষ যা সতত পরিবর্তনশীল'- উক্তিটি কার?
(ক) শেফার-এর  (খ) অগাস্ট কোঁৎ-এর
(গ) মার্কস-এর  (ঘ) ম্যাকাইভার-এর

৭২. মানবসভ্যতার ইতিহাসে কৃষি কাজের সূচনা হয় কখন?
(ক) দাস সমাজের পরে
(খ) পশুপালন যুগের পরে
(গ) খাদ্য আহরণ ও পশুপালন যুগের পরে
(ঘ) সামন্ত সমাজের পরে

৭৩. সমাজ বিবর্তনের ধারাকে কয়ভাবে ভাগ করা হয়েছে?
(ক) ২  (খ) ৩
(গ) ৪  (ঘ) ৫

৭৪. উল্লিখিত বইটিতে সমাজবিজ্ঞানের কোন বিষয়টি ফুটে উঠেছে?
(ক) সমাজবিজ্ঞানের সংজ্ঞা  (খ) সমাজবিজ্ঞানের পরিধি
(গ) সমাজবিজ্ঞানের প্রকৃতি  (ঘ) সমাজবিজ্ঞানের বিষয়বস্তু

৭৫. মানুষ সামাজিক প্রতিষ্ঠান গড়ে তোলে কেন?
(ক) উন্নতির জন্য  (খ) উদ্দেশ্য পূরণের জন্য
(গ) বেঁচে থাকার জন্য  (ঘ) আচরণ নিয়ন্ত্রণের জন্য

৭৬. মৃত স্ত্রীর বোনকে বিবাহ করার রীতিকে কী বলে?
(ক) লেভিরেট  (খ) সরোরেট
(গ) প্যারালাল কাজিন  (ঘ) ক্রস কাজিন

৭৭. মাতৃসূত্রীয় পরিবার কাদের মধ্যে পরিলক্ষিত হয়?
(ক) গারো  (খ) চাকমা
(গ) সাঁওতাল  (ঘ) মণিপুরি

৭৮. শিল্পায়ন ও নগরায়ণের ফলে কোন ধরনের পরিবার গড়ে ওঠে?
(ক) যৌথ পরিবার  (খ) বর্ধিত পরিবার
(গ) অণু পরিবার  (ঘ) পিতৃপ্রধান পরিবার

৭৯. জাতিবর্ণ প্রথার ইংরেজি প্রতিশব্দ Caste কোন ভাষা থেকে এসেছে?
(ক) গ্রিক  (খ) স্পেনিশ
(গ) ল্যাটিন  (ঘ) পর্তুগিজ

৮০. একই আয় ও সুযোগ-সুবিধা ভোগকারী গোষ্ঠীকে বলে-
(ক) জাতি  (খ) পরিবার
(গ) শ্রেণি  (ঘ) সম্প্রদায়

৮১. সামাজিক স্তরবিন্যাসের ক্রিয়াবাদী তত্ত্বটি দেন-

(ক) ডেভিস ও মুর (খ) পারসন্স
(গ) স্মেলসার (ঘ) কার্ল মার্কস

৮২. প্রগতি হচ্ছে-

(ক) বর্তমানেই অবস্থান করা
(খ) ঐতিহ্যকে ধরে রাখা
(গ) ভবিষ্যতের পরিকল্পনা করা
(ঘ) কাঙ্ক্ষিত লক্ষ্যে এগিয়ে চলা

৮৩. কত সাল সর্বপ্রথম সামাজিক নিয়ন্ত্রণ প্রত্যয়টি ব্যবহৃত হয়েছে?

(ক) ১৯০১ (খ) ১৯০৩
(গ) ১৯০৫ (ঘ) ১৯০৬

৮৪. সামাজিক নিয়ন্ত্রণের ক্ষেত্রে প্রযোজ্য-

i. শৃঙ্খলা
ii. প্রগতি
iii. সামাজিক ভারসাম্য
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮৫. নিচের কোনটি গৌণ দলের অন্তর্ভুক্ত?

i. পরিবার
ii. পুলিশ
iii. সেনাবাহিনী
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮৬. সামাজিক নিয়ন্ত্রণের ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ মাধ্যম হলো-

(ক) ধর্ম (খ) গণমাধ্যম
(গ) পরিবার (ঘ) জনমত

৮৭. চট্টগ্রাম অঞ্চলে বেড়াতে গেলে শুঁটকি মাছ দিয়ে আপ্যায়ন করা হয়। মানুষের এরূপ খাদ্যাভ্যাসের কারণ কী?

(ক) এটি এদের অভ্যাসগত (খ) শুঁটকি মাছ খুব উপাদেয়
(গ) ভৌগোলিক প্রভাব (ঘ) শুঁটকি মাছ খুব সস্তা

৮৮. বিবর্তনবাদের প্রবক্তা কে?

(ক) ডারউইন (খ) স্পেন্সার
(গ) মর্গান (ঘ) টেইলার

৮৯. লোকাচারের অন্তর্ভুক্ত-

i. শিষ্টাচার
ii.আদব-কায়দা
iii. ন্যায়নীতি
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯০. মৃত স্ত্রীর বোনকে বিবাহ করার রীতিতে কী বলে?

(ক) লেভিরেট (খ) সরোরেট
(গ) প্যারালাল কাজিন (ঘ) ক্রস কাজিন

৯১. প্রথাগত জ্ঞাতির উদাহরণ কোনটি?

(ক) দেবর (খ) চাচাত ভাই
(গ) খালাত ভাই (ঘ) দোস্ত

৯২. জাতিবর্ণের বৈশিষ্ট্য হচ্ছে-

(ক) জন্মসূত্রে সদস্যপদ লাভ
(খ) একই রকম আয়
(গ) একই রকম সামাজিক মর্যাদা
(ঘ) একই এলাকায় বসবাস

৯৩. বর্তমান বিশ্বের সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রত্যয় হলো উন্নয়ন, উন্নয়ন বলতে বোঝায়-

i. মাথাপিছু আয় বৃদ্ধি
ii. জাতীয় বনাঞ্চলে শিল্প-কারখানা স্থাপন
iii. সর্বক্ষেত্রে প্রযুক্তির ব্যবহার
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯৪. বিচ্যুতি হলো-

(ক) অন্যের অধিকার হরণ করা
(খ) প্রতিষ্ঠানের কর্তৃত্ব খর্ব করা
(গ) অন্যের সমালোচনা করা
(ঘ) সমাজ স্বীকৃত নিয়ম-কানুন অমান্য করা

স্যাট একাডেমি

৯৫. Deviance' শব্দের অর্থ কী?
(ক) মূল্যবোধ বিরোধী কার্যক্রম
(খ) প্রবেশন
(গ) অপরাধ
(ঘ) আচরণ

৯৬. মাদকাসক্তি, পতিতাবৃত্তি, জুয়া খেলা জাতীয় অপরাধের বিরুদ্ধে সাধারণত অন্যরা কোনো অভিযোগ আনেন না কেন?
(ক) অপরাধীদের ভয়ে
(খ) অভিযোগ করে ফল না পাওয়ায়
(গ) প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত না হওয়ায়
(ঘ) আইন দ্বারা নিষিদ্ধ নয় বলে


৯৭. আইনবিরোধী কাজ হলো-
(ক) অভদ্রতা (খ) অশোভন
(গ) অনাচার (ঘ) অপরাধ

৯৮. ভদ্রবেশী অপরাধের উদাহরণের ক্ষেত্রে বলা যায়-
i. তহবিল তসরূপ না করা
ii. ট্রেডমার্ক নকল করা
iii. আয়কর না দেয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯৯. ভৌগোলিক উপাদানের মধ্যে কোনটি মানব প্রকৃতি ও দক্ষতার উপর বিশেষ প্রভাব রাখে?
(ক) ঋতু (খ) বনাঞ্চল
(গ) বৃষ্টি (ঘ) তাপমাত্রা

১০০. Mores' অর্থ কী?
(ক) প্রথা (খ) লোকরীতি
(গ) লোকাচার (ঘ) আদর্শ

১০১. সম্প্রদায়ের মৌলিক বৈশিষ্ট্য কয়টি?
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি




১০২. উপরের ছকের সমন্বয়ে কীসের সৃষ্টি হয়?
(ক) শিল্পকলার (খ) সংস্কৃতির
(গ) গোষ্ঠীর (ঘ) কর্মসংস্থান

১০৩. আধুনিক উৎপাদন কৌশল-
i. সামাজিক পরিবর্তনকে বাধাগ্রস্ত করে
ii. সমাজজীবনকে বহুলাংশে নিয়ন্ত্রণ করে
iii. সমাজ পরিবর্তনের নিয়ামক শক্তি হিসেবে কাজ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১০৪. আকারের দিক থেকে কোনটি বৃহৎ?
(ক) সম্প্রদায় (খ) সংঘ
(গ) সমাজ (ঘ) দল

১০৫. বই' কোন ধরনের সংস্কৃতি?
(ক) বস্তুগত (খ) অবস্তুগত
(গ) লোকজ (ঘ) গ্রামীণ

১০৬. জৈবিক জ্ঞাতির উদাহরণ কোনটি?
(ক) দোস্ত (খ) শ্বশুর
(গ) চাচা (ঘ) ধর্ম ভাই

১০৭. দাসপ্রথার আদর্শ নমুনা কোন সমাজে পাওয়া যায়?
(ক) ভারতীয় সমাজে (খ) রোমান সমাজে
(গ) গ্রিক সমাজে (ঘ) মিশরীয় সমাজে

১০৮. সামাজিক অসমতার নির্ধারকসমূহকে কয় ভাগে ভাগ করা যায়?
(ক) দুই (খ) তিন
(গ) চার (ঘ) পাঁচ

স্যাট একাডেমি

১০৯. উঁচু-নিচু সামাজিক স্তরবিন্যাসের ভিত্তি হলো-

i. সুযোগ-সুবিধার অসম বণ্টন
ii. দায়িত্ব ও কর্তব্যের অসম বণ্টন
iii. ক্ষমতা ও প্রতিপত্তির অসম বণ্টন
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
**(ঘ)** i, ii ও iii

১১০. Casta শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(ক) ইংরেজি
(খ) রোমান
**(গ)** স্প্যানিশ
(ঘ) গ্রিক

১১১. Principles of Criminology' গ্রন্থটির রচয়িতা কে?

**(ক)** সাদারল্যান্ড
(খ) ওয়েল্টন
(গ) হ্যামিল্টন
(ঘ) বার্কার

১১২. লমব্রোসো কোনো ব্যক্তির মধ্যে কমপক্ষে কয়টি অস্বাভাবিক শারীরিক বৈশিষ্ট্য বা ত্রুটি থাকলে তার অপরাধী হওয়ার সম্ভাবনার কথা বলেন?

**(ক)** পাঁচটি
(খ) ছয়টি
(গ) সাতটি
(ঘ) আটটি

১১৩. কোনটি আকস্মিক অপরাধ?

(ক) গ্রাম্য ডাকাতি
(খ) বাধ্য হয়ে চুরি করা
**(গ)** পথচারীকে গাড়ি চাপা দেওয়া
(ঘ) অগ্নিসংযোগ

১১৪. "সমাজের পরিবর্তন হলো সহজ ও সরল অবস্থা থেকে একটি জটিল অবস্থায় রূপান্তর"- কে বলেছেন?

(ক) অগবার্ন
(খ) নিমকফ
**(গ)** স্পেন্সার
(ঘ) ম্যাক্স ওয়েবার

১১৫. কে সমাজকে প্রাণি দেহের সাথে তুলনা করেছেন?

**(ক)** হার্বার্ট স্পেন্সার
(খ) এমিল ডুর্খেইম
(গ) লুইস হেনরি মর্গান
(ঘ) কার্ল মার্কস

১১৬. History repeats itself-এ ধারণাটি কোন মতবাদের সমগোত্রীয়?

**(ক)** চক্রাকার আবর্তন তত্ত্ব
(খ) প্রক্রিয়ার তত্ত্ব
(গ) ক্রিয়াবাদী বিশ্লেষণের তত্ত্ব
(ঘ) কারণিক তত্ত্ব

১১৭. সমাজবিজ্ঞানের প্রথম নাম কী?

**(ক)** সোশ্যাল ফিজিক্স
(খ) সোশ্যাল নেটওয়ার্ক
(গ) সোশ্যাল আইডিয়া
(ঘ) সোশ্যাল ওয়ার্ক

১১৮. সমাজবিজ্ঞানকে সমাজের দর্পণ বলা হয় কেন?

(ক) সমাজের অধিকাংশ দিক নিয়ে পর্যালোচনা করে বলে
(খ) সমাজের বিশেষ দিক নিয়ে পর্যালোচনা করে বলে
(গ) সমাজের মানুষের বিভিন্ন দিক নিয়ে পর্যালোচনা করে বলে
**(ঘ)** সমাজের সামগ্রিক দিক নিয়ে বিজ্ঞানসম্মতভাবে পর্যালোচনা করে বলে

১১৯. সমাজবিজ্ঞান কখন একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে আত্মপ্রকাশ করে?

(ক) আঠারো শতাব্দীর প্রথম ভাগে
(খ) উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে
**(গ)** উনবিংশ শতাব্দীর মধ্য ভাগে
(ঘ) উনবিংশ শতাব্দীর শেষ ভাগে

১২০. সমাজবিজ্ঞানকে বলা হয়-

(ক) মূল্যবোধভিত্তিক বিজ্ঞান
**(খ)** বস্তুনিষ্ঠ বিজ্ঞান
(গ) আদর্শনিষ্ঠ বিজ্ঞান
(ঘ) ব্যবহারিক বিজ্ঞান

১২১. একটি মানব শিশুর জন্য পরিবার খুবই গুরুত্বপূর্ণ কারণ-

i. শিশুর মূল্যবোধ শিক্ষা দেয়
ii. সমাজের প্রথা ও আচরণ শিক্ষা দেয়
iii. একটি আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র
নিচের কোনটি সঠিক?

**(ক)** i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

স্যাট একাডেমি

১২২. বংশগতির মধ্যে জীবনের সব সুপ্ত শক্তি নিহিত থাকে -উক্তিটি কার?

(ক) ম্যাকাইভারের (খ) কার্ল পিয়ারসনের

(গ) গ্যালটনের (ঘ) ম্যাকডুগালের

১২৩. হানটিংটনের গবেষণা মতে, কত ডিগ্রি তাপমাত্রায় মানসিক দক্ষতা ও বুদ্ধিমত্তা সবচেয়ে বেশি?

(ক) ২০ ডিগ্রি ফাঃ (খ) ৩০ ডিগ্রি ফাঃ

(গ) ৪০ ডিগ্রি ফাঃ (ঘ) ৫০ ডিগ্রি ফাঃ

১২৪. পরিবার ও শিশুর মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক থাকলে তা শিশুর মধ্যে কী ধরনের প্রভাব ফেলে?

(ক) জ্ঞান বৃদ্ধি পায়

(খ) দ্রুত বিকশিত হয়

(গ) শিশু আত্মবিশ্বাসী হয়ে ওঠে

(ঘ) সামাজিক চেতনার বিকাশ ঘটে

১২৫. শিশুর সামাজিকীকরণের গৌণ মাধ্যম কোনটি?

(ক) ধর্ম (খ) গণমাধ্যম

(গ) পরিবার (ঘ) খেলার সাথী

১২৬. ব্যক্তির মনে দায়িত্ববোধ ও সামাজিক চেতনা সৃষ্টি করে কোনটি?

(ক) শিক্ষা প্রতিষ্ঠান (খ) ধর্ম

(গ) পরিবার (ঘ) সঙ্গীদল

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

সামি গ্রামে বাবা-মার সাথে বাস করে। কিন্তু অষ্টম শ্রেণীতে পড়ার সময় একদল বখাটে ছেলের সাথে মিশতে শুরু করে। এক পর্যায়ে সে মাদকাসক্তিতে জড়িয়ে পড়ে। তারপর মাদকের অর্থ জোগাড়ের জন্য সে চুরির মতো অপরাধেও জড়িয়ে পড়ে।

১২৭. সামি মাদকের সাথে সম্পৃক্ত হয় কীভাবে?

(ক) সাথিদের প্রভাবে (খ) পরিবারের কারণে

(গ) আত্মীয় স্বজনের অভাবে (ঘ) সমাজের প্রভাবে

১২৮. সঠিক সামাজিকীকরণের পথে অন্তরায় কোনটি?

(ক) সমাজের জীবনধারা

(খ) বন্ধুদের অনুষঙ্গ

(গ) নীতি-নৈতিকতার কঠোরতা

(ঘ) পারিবারিক অস্থিরতা

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

রবিনের বাবা-মা দুজনই কাজের প্রয়োজনে বাইরে থাকায় রবিন একা বাসায় থাকে। এক পর্যায়ে সে পাশে অবস্থিত বস্তির ছেলেদের সাথে মিশে ও বন্ধুদের প্ররোচনায় মাদকাসক্ত হয়ে পড়ে এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ে।

১২৯. রবিনের অপরাধ কোন প্রকৃতির?

(ক) কিশোর অপরাধ (খ) ভদ্রবেশী অপরাধ

(গ) সংগঠিত অপরাধ (ঘ) শিকারবিহীন অপরাধ

১৩০. সমাজ থেকে উক্ত অপরাধ দূর করার উপায় হলো-

i. নৈতিক শিক্ষা

ii. অসৎসঙ্গ ত্যাগ করা

iii. সুষ্ঠু পারিবারিক পরিবেশ তৈরি করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii

(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

ডেমরার রহিম মিয়া একদিন অসুস্থ হয়ে পড়লে সে প্রতিবেশী করিম শেখের সাহায্য কামনা করলো, কিন্তু করিম শেখ কোনো সাহায্য করলো না। কিছুদিন পর করিম শেখের বাড়িতে আগুন লাগলো এবং সে চিৎকার করে রহিম মিয়ার সাহায্য চাইলো, কিন্তু রহিম মিয়া ঘরের জানালা বন্ধ করে দিল এবং কোনো সাহায্যও করলো না।

১৩১. রহিম এবং করিম একে অন্যের বিপদে এগিয়ে আসেনি- এখানে সমাজ গঠনের কোন উপাদানকে অবমাননা করা হয়েছে?

(ক) পারস্পরিক নির্ভরশীলতা

(খ) পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়া

(গ) সহযোগিতা

(ঘ) সহমর্মিতা

© Satt Academy

১৩২. রহিম ও করিমের কার্যকলাপ থেকে শিক্ষণীয় বিষয় হলো-
i. পারস্পরিক সহযোগিতা হলো সমাজের ভিত্তি
ii. একে অন্যকে সহযোগিতা না করেও টিকে থাকা যায়
iii. সহযেগিতা ছাড়া সমাজে টিকে থাকা যায় না
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও**

চুরি করার অপরাধে শামীম ও শাহিনকে আদালত যথাক্রমে তিন বছর ও ছয় বছরের সাজা দেয়। কারা কর্তৃপক্ষ শামীমকে এক বছর পরে শর্ত সাপেক্ষে মুক্তি দেয়।

১৩৩. উদ্দীপকে শামীমের ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের গৃহীত পদক্ষেপ অপরাধ দূরীকরণের কোন ব্যবস্থার মধ্যে পড়ে?
(ক) প্রতিরোধ (খ) প্রতিরোধ
(গ) প্রবেশন (ঘ) পুনর্বাসন

১৩৪. শাহিনকে শামীমের মতো সুযোগ পেতে হলে-
i. আরও এক বছর অপেক্ষা করতে হবে
ii. আরও দুই বছর অপেক্ষা করতে হবে
iii. তার আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও**

সালমা নিয়মিত হিন্দি সিনেমা ও সিরিয়াল দেখে। এসব সিনেমা ও সিরিয়ালের অভিনেত্রীদের পোশাক ও আচার-আচরণ তার ওপর বড় ধরনের প্রভাব ফেলে। ফলে পোশাক-আশাক, আচার-আচরণ ও মানসিকভাবে সে পুরোদস্তর একজন ভারতীয় হয়ে যায়।

১৩৫. সালমার পরিবর্তনে নিচের কোন বস্তুটির প্রভাব ফেলেছে?
(ক) বংশগতি (খ) সংস্কৃতি
(গ) অনুকরণ (ঘ) নীতিবোধ

১৩৬. উক্ত বস্তুটির সাথে জড়িত বিষয়গুলো হলো-
i. ভাষা
ii. অভ্যাস
iii. মূল্যবোধ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড় এবং প্রশ্নের উত্তর দাও**

Robert Bierstedt তার 'The Social Order' বইতে লেখেন, সমাজতত্ত্ব হলো একটি স্বাধীন বিজ্ঞান। সমাজতত্ত্ব হলো সামাজিক বিজ্ঞান, এটি প্রাকৃতিক বিজ্ঞান নয়। সমাজবিজ্ঞান আদর্শিক নয়, বরং এটি বাস্তবতার ভিত্তিতে গবেষণা করে।

১৩৭. উল্লিখিত বইটিতে সমাজবিজ্ঞানের কোন বিষয়টি ফুটে উঠেছে?
(ক) সমাজবিজ্ঞানের সংজ্ঞা (খ) সমাজবিজ্ঞানের পরিধি
(গ) সমাজবিজ্ঞানের প্রকৃতি (ঘ) সমাজবিজ্ঞানের বিষয়বস্তু

১৩৮. অনুচ্ছেদে আলোচিত বিষয়টির বৈশিষ্ট্য সম্পর্কে বলা যায়-
i. সমাজের পূর্ণাঙ্গ পাঠ
ii. একটি বিশ্লেষণধর্মী বিজ্ঞান
iii. নৈতিকতার প্রশ্নে মূল্যবোধ নিরপেক্ষ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

সমাজবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ প্রত্যয়, যা ল্যাটিন শব্দ 'Pro-gredio' থেকে এসেছে। যার মৌলিক অর্থ হচ্ছে 'কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সামনে চলা'।

১৩৯. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোনো প্রত্যয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে
(ক) উন্নয়ন (খ) বিবর্তন
(গ) পরিবর্তন (ঘ) প্রগতি

স্যাট একাডেমি

১৪০. উক্ত প্রত্যয়টি যাচাইয়ের মাপকাঠি হচ্ছে-

i. উন্নত জীবনযাপন
ii.উৎপাদিত পণ্যের সুষম বণ্টন
iii.ব্যক্তিত্ব বিকাশের পূর্ণ সুযোগ
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

বিশ্ব অলিম্পিকে 'A' দেশের দৌড়বিদ মি. 'ক' বিগত বছরের মতো এবারও ১০০ মিটার দৌড়ে স্বর্ণ জয়ের ধারা অব্যাহত রেখেছে। আশির দশকে তার দাদাও স্বর্ণ জয় করেছিল। এবার তার পাশাপাশি তার সহযোগীও সাফল্যের ধারা রক্ষা করেছেন। গবেষণার ফলাফলে দেখা যায় যে, তাদের সাফল্যের পিছনে খাদ্যাভ্যাস, জলবায়ু, দক্ষতা ও অনুশীলন গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

১৪১. উদ্দীপকে মি. ক'-এর সাফল্যের পেছনে সমাজজীবনে প্রভাব বিস্তারকারী কোন উপাদানের প্রভাব বেশি?

**(ক)** ভৌগোলিক (খ) সামাজিক
(গ) সাংস্কৃতিক (ঘ) জৈবিক

১৪২. উদ্দীপকের গবেষণা ফলাফল যে উপাদানের প্রভাবকে নির্দেশ করেছে তা হলো-

i. ভৌগোলিক
ii. সামাজিক
iii. জৈবিক
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii **(ঘ)** i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং প্রশ্নের উত্তর দাও**

অতি সম্প্রতি বাংলাদেশের দক্ষিণাঞ্চলের ওপর দিয়ে বয়ে যাওয়া প্রবল ঝড়ে জানমাল, ঘরবাড়ি, পশুপাখি, গাছপালাসহ ফসলের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। গবেষকরা এ ক্ষয়ক্ষতি থেকে উত্তরণের জন্য সহযোগিতা ও পুনর্বাসন কার্যক্রমের পাশাপাশি ঝড়ের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য প্রস্তুতির কথাও বলেছেন। 1

১৪৩. উদ্দীপকে ঝড়ের প্রভাবকে কী বলা হয়?

**(ক)** পরিবর্তন (খ) বিবর্তন
(গ) প্রগতি (ঘ) উন্নয়ন

১৪৪. উদ্দীপকে গবেষকদের সুপারিশ সমাজে-

i. মৃত্যুহার হ্রাস করবে
ii. সামাজিক প্রগতি আনবে
iii. সামাজিক উন্নয়ন ঘটাবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
**(গ)** ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

চুরি করার অপরাধে রনি ও জনিকে আদালত যথাক্রমে তিন বছর ও ছয় বছরের সাজা দেয়। কারা কর্তৃপক্ষ রনিকে এক বছর পর শর্ত সাপেক্ষে মুক্তি দেয়।

১৪৫. উদ্দীপকের রনির ক্ষেত্রে কারা কর্তৃপক্ষের গৃহীত পদক্ষেপ অপরাধ দূরীকরণের কোন ব্যবস্থার মধ্যে পড়ে?

(ক) প্রতিরোধ **(খ)** প্যারোল
(গ) প্রবেশন (ঘ) পুনর্বাসন

১৪৬. জনিকে রনির মতো সুযোগ পেতে হলে-

i. আরও এক বছর অপেক্ষা করতে হবে
ii. আরও দুই বছর অপেক্ষা করতে হবে
iii. তার আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে হবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii **(খ)** i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**

তাহের সাহেব তার ছোট বোন রীনাকে খুব ভালোবাসেন। তাদের এ সম্পর্ক আরও বৃদ্ধি করতে তিনি তার মেয়েকে ছোট বোনের ছেলের সাথে বিয়ে দিলেন।

১৪৭. এ ধরনের বিবাহকে বলা হয়-

(ক) প্যারালাল কাজিন **(খ)** ক্রস কাজিন
(গ) লেভিরেট (ঘ) সরোরেট


১৪৮. সমাজে এ ধরনের বিবাহের কারণ হলো-

i. সন্তানদের নিজেদের মধ্যে রাখা
ii. সম্পত্তি নিজেদের মধ্যে রাখা
iii. জ্ঞাতিসম্পর্ক টিকিয়ে রাখা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ে প্রশ্নের উত্তর দাও**




১৪৯. ছকের'?' চিহ্নিত স্থানে কোনটি বসবে?

(ক) সামাজিক কাঠামোর উপাদান
(খ) সামাজিক স্তরবিন্যাসের উপাদান
(গ) সামাজিক গতিশীলতার উপাদান
(ঘ) সামাজিক নিয়ন্ত্রণের উপাদান

১৫০. উক্ত প্রত্যয়টি সম্পর্কে বলা হয়-

i. এটি সমাজবিজ্ঞানের মৌলিক প্রত্যয়
ii. এটি ভাববিনিময়ের অন্যতম ব্যবস্থা
iii. এটি কতক সংগঠনের পারস্পরিক সূত্রের সমন্বয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

✨ ধন্যবাদ! ✨

কোন প্রশ্নের বানান বা উত্তর ভুল থাকলে রিপোর্ট করুন | *Thank you for reading!*

আরও দেখুন: sattacademy.com

⚠️ Sattacademy -এর সকল কন্টেন্ট কপিরাইট আইন দ্বারা সুরক্ষিত। অনুমতি ব্যতিরেকে যেকোনো মাধ্যমে এর ব্যবহার আইনের লঙ্ঘন ও দন্ডনীয় অপরাধ

sattacademy.com | +880 1306 446390